

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-২
www.rded.gov.bd

নং-৪৭.০০.০০০০.০৩২.০০৪.০৫.১৮-৬৪২


তারিখঃ ২৬ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ।
২০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ধারা-৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ আবুল হোসেন, অধ্যাপক (উপ-নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা গত ৮-০২-২০১৭ খ্রি: তারিখ হতে ২৪-০৫-২০১৭ খ্রি: তারিখ পর্যন্ত এবং ২৭/০৯/২০১৭ খ্রি: তারিখ থেকে কোন প্রকার ছুটি ব্যতিত ও যুক্তিসংগত কারণ ছাড়াই অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন সে কারণে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় বর্ণিত ছুটি ব্যতিত কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে এ বিভাগের স্মারক নং- ৪৭.০০.০০০০.০৩২. ০০৪.০৫.১৮-২২৩, তারিখ: ২০-০৬-২০১৮ মূলে বিভাগীয় মামলা বুজু করে বর্ণিত অধ্যাদেশের ৫(১) ধারায় আপনাকে ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি বা সময় প্রার্থনা করেননি এবং প্রাপ্ত কাগজপত্র ও নথি পর্যালোচনান্তে আপনাকে উল্লিখিত অধ্যাদেশের ৩(বি) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারার অপরাধে কেন আপনাকে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হবে না এ নোটিশ জারির/প্রকাশের ৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।


(এস.এম গৌলাম ফারুক)
সচিব

বর্তমান ঠিকানা:

জনাব মোঃ আবুল হোসেন
অধ্যাপক (উপ-নিবন্ধক)
বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।

স্থায়ী ঠিকানা:


জনাব মোঃ আবুল হোসেন
প্রমত্তে- পিতা- তোফাজ্জল হোসেন
গ্রামঃ কলিকাপুর, ডাকঘরঃ বামইল
থানাঃ কোতয়ালী, জেলাঃ কুমিল্লা।

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩২.০০৪.০৫.১৮-৬৪২/১(৬)

তারিখঃ ২৬ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ।
২০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, ঢাকা।
- ২। অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা (নোটিশটি যথাযথভাবে জারিকরণের ব্যবস্থা গ্রহণসহ তামিল প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধসহ)
- ৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(সৈয়দ ফারহাদ হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৮২২২৯

e-mail:section21984@gmail.com